



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

2<sup>nd</sup> Term: WorkSheet - 1

Class: 4

Subject: Bengali Grammar: (বোধশক্তির বিচার)

Date: 02/07/2020



## নিচের অনুচ্ছেদটা ভাল করে পড়ে উত্তর গুলি লেখঃ

কয়েকদিন পরেই বড় উৎসব তাই কেনাকাটা করতে বিমলবাবু বাজারে বেরিয়েছেন। সঙ্গে নিয়েছেন যথেষ্ট টাকাপয়সা। এমন সময় একজন লোকের সঙ্গে দেখা। কথা বলতে বলতে জানতে পারল সে একজন যাদুকর। চমৎকার খেলা দেখাতে পারে। তার সবচেয়ে সেরা খেলা হলো টাকাকে দ্বিগুন করে দেওয়া। সে মনে মনে খুব উৎসাহিত হয়ে পকেট থেকে একটা টাকা বের করে যাদুকরকে দিল। কথার ফাঁকে যাদুকর হাত ঘুরিয়ে বিমলবাবুকে দুই টাকা দিলেন। বিমলবাবুর লোভে চোখ দুটো চকচক করে উঠল। সে তার সব টাকা যাদুকরের হাতে দিয়ে বললেন আমার সব টাকা দ্বিগুন করে দিন। যাদুকর বললেন এতো অনেক টাকা একটু বেশি সময় লাগবে। অনেক মন্ত্র বলতে হবে। এই বলে বিমলবাবুর চোখ দুটি রুমাল দিয়ে বেঁধে মন্ত্র বলতে লাগলেন। খানিক পরে কোনো আওয়াজ না পেয়ে রুমাল খুলে দেখে কেউ কোথাও নেই যাদুকর টাকা নিয়ে উধাও। অতি লোভে বিমলবাবুর সর্বনাশ হলো।

প্রশ্নঃ

- ১। বিমলবাবু কেন বাজারে গিয়েছিলেন?
- ২। বাজারে যাবার পথে কার সাথে তার দেখা হলো?
- ৩। যাদুকর কী করে?
- ৪। যাদুকরের সেরা খেলা কোনটি?
- ৫। যাদুকর বিমলবাবুর চোখ বেঁধে কী করছিল?
- ৬। কোনো আওয়াজ না পেয়ে বিমলবাবু কী করলেন?
- ৭। যাদুকর কী বিমলবাবুর টাকা দ্বিগুন করেছিল?

৮ অতি লোভে বিমলবাবুর কী হয়েছিল ?

৯ বাক্যরচনা কর -

ক। যাদুকর =

খ। উৎসব =

গ। টাকাপয়সা =

১০ বিপরীত শব্দ লেখ -

ক। খোলা =

খ। লোভ =

গ। আনন্দ =

১১ বহুবচনে পরিবর্তন কর -

ক। একটাকা =

খ। রুমাল =

গ। লোক =

১২ ঠিক বা ভুল লেখ -

ক) বিমলবাবু একজন যাদুকর ছিলেন ।

খ) যাদুকরের সেরা খেলাটি ছিল টাকা দ্বিগুন করা ।

গ) যাদুকর বিমলবাবুর টাকা নিয়ে উধাও হলো ।

Manashi Chaudhuri